

# মন্ত্রিসভা বৈঠক শাখা সম্পর্কিত

৩৬৪৬ সাক্ষরী ০০

১০০৬ সাক্ষরী ০৫

৩৬৪৬ সাক্ষরী ০০

১০০৬ সাক্ষরী ০৫

৩৬৪৬ সাক্ষরী ০০

অতি গোপনীয়  
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মন্ত্রিসভা বৈঠক শাখা

নং-মপবি/মসশা/বিবিধ-৫/২০০৩-৪৭০

তারিখ : ১৬ মে ২০০৭  
০২ জ্যৈষ্ঠ ১৪১৪

**বিষয় : মন্ত্রিসভা/ উপদেষ্টা পরিষদ বৈঠকে উপস্থাপনের জন্য সারসংক্ষেপ প্রেরণ প্রসঙ্গে।**

রুলস অব বিজনেস ১৯৯৬ এর চতুর্থ অধ্যায়ে মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদ বৈঠকের কার্য-পদ্ধতি বিস্তারিত বর্ণনা করা হয়েছে। কোন কোন ক্ষেত্রে মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদ বৈঠকের জন্য কার্যপত্র প্রেরণ, মন্ত্রিসভা/ উপদেষ্টা পরিষদ বৈঠকের সিদ্ধান্ত সংরক্ষণ, সংশ্লিষ্টদের অবহিতকরণ, বাস্তবায়ন অনুসরণ এবং উত্তরসূরির নিকট হস্তান্তর বিষয়ে রুলস অব বিজনেস ১৯৯৬ এ বর্ণিত বিধিসমূহ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না।

২। মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদ বৈঠক সংশ্লিষ্ট বিষয়সমূহের ক্ষেত্রে এ বিষয়ে প্রচলিত বিধি-বিধান/রীতিসমূহের বিবরণী (সংযুক্ত) অনুসরণকরতঃ মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদ বৈঠকে উপস্থাপনের জন্য সার-সংক্ষেপ প্রস্তুতকরণ, সিদ্ধান্ত সংরক্ষণ, সংশ্লিষ্টদের অবহিতকরণ, বাস্তবায়ন অনুসরণ এবং উত্তরসূরির নিকট হস্তান্তর বিষয়ে যথাযথ কার্য ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে (৩ পাতা)।

(মোঃ সফিকুল ইসলাম)  
যুগ্ম-সচিব (মন্ত্রিসভা)  
ফোনঃ ৭১৬৫৫১০

বিতরণ :

সচিব/ভারপ্রাপ্ত সচিব

.....মন্ত্রণালয়/বিভাগ

বাংলাদেশ সরকার।

জ্ঞাতার্থে :

যুগ্মসচিব (কমিটি ও উন্নয়ন)

মন্ত্রিপরিষদ বিভাগ।

